গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moysports.gov.bd

বিষয়: যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (ইমপ্যাক্ট)-৩য় পর্যায় (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের ২০২৫-২০২৬ অর্থবছরের কার্যক্রম বাস্তবায়ন কৌশল নির্ধারণের লক্ষ্যে জুম প্ল্যাটফর্মে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : এ কে এম মফিজুল ইসলাম
প্রকল্প পরিচালক, ইমপ্যাক্ট-৩য় পর্যায় (য় সংশোধিত২) প্রকল্প।

তারিখ ও সময় :

| তারিখ | সময় | জেলার নাম |
|---|---|---|
| ৩০-১১-২০২৫ | সকালঃ ১০.৩০ হতে | সকল বিভাগ ও সকল জেলা |

সভার স্থান : ভার্চুয়াল সভা

সভায় উপস্থিতি : জুম প্ল্যাটফর্মে ৬৪টি জেলার ইমপ্যাক্ট প্রকল্পের বিভাগ ও জেলার জনবল উপস্থিত ছিলেন।

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (ইমপ্যাক্ট)-৩য় পর্যায় (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের ২০২৫-২০২৬ অর্থবছরের কার্যক্রম বাস্তবায়ন কৌশল নির্ধারণের বিষয়ে ৩০-১১-২০২৫খ্রিঃ তারিখে জুম প্ল্যাটফর্মে প্রকল্প পরিচালক জনাব এ কে এম মফিজুল ইসলাম এর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়।

সভাপতি জুম প্ল্যাটফর্মে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ইমপ্যাক্ট-৩য় পর্যায় (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের বিগত ভার্চুয়াল সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে মাঠ পর্যায়ে প্রকল্পের জনবলের সাথে আলোচনা করেন। বায়োগ্যাস প্ল্যান্টের লক্ষ্যমাত্রা অনুয়ায়ী বাস্তবায়ন অগ্রগতি, উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণে খামারীর তালিকা, বায়োগ্যাস পল্লীতে স্থাপিত প্ল্যান্টের সংখ্যা এবং নির্মিত প্ল্যান্টের গায়ে ইমপ্যাক্ট -৩য় পর্যায় কথাটি লিখাসহ ইত্যাদি বিষয়ে আলোচনা করেন। প্রকল্পের জনবল বলেন যে, গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে তারা সর্বাত্মক চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

প্রকল্প পরিচালক সভাকে জানান প্রকল্পের মাঠ পর্যায়ে ঋণ তহবিলের হিসাব রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করতে হবে। কোনো ঋণ খেলাপী থাকলে দ্রুত আদায়ের ব্যবস্থা করতে হবে। প্রকল্পের জনবলের হাতে কোনো কিস্তির টাকা থাকলে দ্রুত ব্যাংক হিসাবে জমাপ্রদানের ব্যবস্থা করতে হবে। প্রকল্পের জনবলের উপর এ প্রকল্পের ভবিষ্যৎ নির্ভর করে, সকলকে একযোগে কাজ করে এ প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।

প্রকল্পের জনবল সভাকে জানান, ঋণ বিতরণে যুব উন্নয়ন কর্মকর্তাদের সম্পৃক্ত রেখে, ঋণ মঞ্জুর পদ্ধতি সহজ করা দরকার। কিছু কিছু উপজেলার প্ল্যান্ট স্থাপন শেষে কিংবা ৫০% কাজ সম্পন্ন করার পর ঋণ বিতরণের ব্যবস্থা করা হয়। ফলে আগ্রহী উপকারভোগী খুজে পাওয়া কঠিন হয়ে পড়ে। তাই ঋণ ব্যবস্থা সহজীকরণসহ নানান সমস্যার কথা সভায় উপস্থাপন করেন। সভাকে আরো জানানো হয় যে, সকল উপজেলায় সমানভাবে কাজ হয়নি। যেখানে কাজ হয়নি, সে টাকা অন্য উপজেলায় স্থানান্তর করে বিতরণের ব্যবস্থা করা এবং রাজমিস্ত্রি অপ্রতুল থাকায় তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা দরকার।

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১. লক্ষ্যমাত্রা মোতাবেক বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন করতে হবে এবং লক্ষ্যমাত্রা অর্জনে সার্বিক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

CS CamScanner

২. প্রতি জেলায় একটি বায়োগ্যাস পল্লী স্থাপন করতে হবে। বায়োগ্যাস পল্লীতে কমপক্ষে ৩০টি প্ল্যান্ট থাকতে হবে।

৩. প্রকল্পের জনবল অবশ্যই নিয়মিত অফিসে উপস্থিতি এবং উপপরিচালক কর্তৃক অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে।

৪. নির্মাণাধীন বায়োগ্যাস প্ল্যান্ট এবং চুলা জ্বালানোর ছবি ক্যাপশনসহ যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত কর্মই জীবন এবং ইমপ্যাক্ট প্রকল্পের হোয়াটসঅ্যাপ গ্রুপে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৫. নির্মিত বায়োগ্যাস প্ল্যান্টের 'ইনলেট ট্যাংক' এর গায়ে 'ইমপ্যাক্ট ৩য় পর্যায়, যুব উন্নয়ন অধিদপ্তর' কথাটি খোদাই করে লিখতে হবে।

৬. ঋণের কিস্তির টাকা যাদের হাতে গচ্ছিত আছে দ্রুত ব্যাংকে জমা প্রদান করে রশিদসহ প্রকল্পের PIU কার্যালয়ে অবহিত করতে হবে

৭. উপজেলা ও জেলা পর্যায়ে ঋণের প্রতিবেদন মাসের প্রথম ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৮. প্ল্যান্ট স্থাপনে আগ্রহী খামারীদের মধ্যে দ্রুততম সময়ের মধ্যে ঋণ প্রদানের ব্যবস্থা করতে হবে।

৯. যে সকল উপজেলায় ঋণ তহবিল বেশি কিন্তু বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনে আগ্রহী খামারীর সংখ্যা কম, সেসকল উপজেলা থেকে ঋণ তহবিল উপপরিচালকগণের পরামর্শে সমন্বয় করে প্ল্যান্ট স্থাপনে আগ্রহী উপজেলায় ঋণ ফান্ড স্থানান্তরের প্রস্তাব অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করতে হবে।

১০. ইমপ্যাক্ট প্রকল্পের ঋণের আদায়কৃত টাকা প্রকল্পের কিংবা রাজস্বের জনবলের নিকট থাকলে সুনির্দিষ্ট তথ্যসহ উপপরিচালকগণ প্রকল্প পরিচালককে অবহিত করবেন।

১১. মাঠ পর্যায়ের প্রস্তাব মোতাবেক ঋণ কমিটি সংশোধন করে দ্রুত মাঠ পর্যায়ে প্রেরণ করা হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১১/২০২৫

(এ কে এম মফিজুল ইসলাম)
প্রকল্প পরিচালক
'ইমপ্যাক্ট-৩য় পর্যায় (২য় সংশোধিত)' প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪৩২ / ৩০ নভেম্বর ২০২৫

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৪৪.০৬.৮৬.২৫- ২৪০৮

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থেঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। যুগ্মসচিব (উন্নয়ন-১ অধিশাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক .........(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,.........................(সকল) জেলা।
০৫। প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
০৬। প্রকল্পের সকল জনবল, ইমপ্যাক্ট-৩য় পর্যায় (২য় সংশোধিত) প্রকল্প ,যুব উন্নয়ন অধিদপ্তর, সকল জেলা।
০৭। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৮। অফিস কপি।

৩০/১১/২০২৫

(মোঃ হামিদুর রহমান
উপপরিচালক
'ইমপ্যাক্ট-৩য় পর্যায় (২য় সংশোধিত)' প্রকল্প
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

CS CamScanner